

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৪৮-আইন/আয়কর-৪২/২০২৪।-জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড উৎসে কর বিধিমালা, ২০২৪ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার----

(ক) বিধি ৩ এ উল্লিখিত সারণীর পরিবর্তে নিম্নরূপ সারণী প্রতিস্থাপিত হইবে, যথা:-

## "সারণী

ক্রমিক নং	বর্ণনা	হার
(১)	(২)	(৩)
১।	এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত এম এস ক্ষয়্যাপের ক্ষেত্রে	০.৫ %
২।	পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	০.৬ %
৩।	পেট্রোলিয়াম তেল বিপণন কোম্পানির ফিলিং স্টেশন ব্যতীত অন্য কোনো ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	১%
৪।	ধান, চাল, গম, আলু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, খেজুর, তেজপাতা, পাট, তুলা এবং সুতা সরবরাহের ক্ষেত্রে	১%
৫।	সকল প্রকারের ফল সরবরাহের ক্ষেত্রে	২%
৬।	এমএস বিলেট ব্যতীত লোহ বা লৌহ পণ্য, ফেরো অ্যালয় পণ্য, সিরামিক তৈজস পণ্য ও সিমেন্ট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে	২%
৭।	তেলশোধন (oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোনো কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে	২%
৮।	গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে	২%

(১)	(২)	(৩)
৯।	গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে	৩%
১০।	স্থানীয় পর্যায়ে নিজস্ব <b>Vertical Continuous Vulcanization line</b> রহিয়াছে এইরূপ কোনো কোম্পানি কর্তৃক তৈয়ারকৃত ৩৩ কেভি হইতে ৫০০ কেভি <b>Extra High Voltage Power Cable</b> সরবরাহের ক্ষেত্রে	৩%
১১।	সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে	৩%
১২।	রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে	৩%
১৩।	শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে	৩%
১৪।	ক। সারণী ক্রমিক নং ১ হইতে ১২ তে বর্ণিত হয় নাই এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে--- খ। ধারা ৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে-	৫%

(খ) বিধি ৬ এর---

(অ) উপ-বিধি (১) এ উল্লিখিত "(a), (aa), (aaa)," বন্ধনীগুলি, বর্ণগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে;  
(আ) উপ-বিধি (৫) এর---

(i) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(চ) পণ বা পণের বিকল্প কোনো সুবিধাবিহীন দলিল, যেমন: দান, উইল, অছিয়ত বা এওয়াজ অথবা বিনিময় দলিল নিবন্ধন।";

(ii) দফা (ছ) বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৪ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে  
এ কে এম বদিউল আলম  
সদস্য (কর নীতি)

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক  
প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)